১৫৫৪ সিনিয়র অফিসার নিয়োগ পাবেন ১১টি প্রতিষ্ঠানে

৯টি ব্যাংক ও দুটি আর্থিক প্রতিষ্ঠানে এক হাজার ৫৫৪ সিনিয়র অফিসার (সাধারণ) নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে। এই সমন্বিত নিয়োগ কার্যক্রম হবে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে। আবেদন করতে হবে অনলাইনে ৩০ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে।

কোন ব্যাংকে কত পদ: সোনালী ব্যাংকে ৪২২, অগ্রণী ব্যাংকে ৪০০, বাংলাদেশ কৃষি ব্যাংকে ২৪২, রাজশাহী কৃষি ব্যাংকে ১৯০, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকে ১৮৯, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকে ২৬, কর্মসংস্থান ব্যাংকে ২৪, বেসিক ব্যাংকে ২০, প্রবাসী কল্যাণ ব্যাংকে পদ সংখ্যা ৭টি।

এ ছাড়া ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশে ১৯ ও বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশনে ১৫টি পদ রয়েছে।

আবেদনের যোগ্যতা: প্রার্থীদের যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। এসএসসি বা সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম দুটিতে প্রথম বিভাগ বা শ্রেণি থাকতে হবে।
গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।

কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি থাকলে আবেদন করা যাবে না। প্রার্থীর বয়সসীমা ১৮ নভেম্বর ২০২৪ তারিখে সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।

সূত্র: কালবেলা

[redacted] [redacted] [redacted], [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

পদের নাম: কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী।

পদসংখ্যা: ৭টি।

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

পদের নাম: নিম্নমান সহকারী।

পদসংখ্যা: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

পদের নাম: ড্রেসার।

পদসংখ্যা: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: এসএসসি পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

পদের নাম: গ্রন্থাগার সহকারী (গ্রেড-২)।

পদসংখ্যা: ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

পদের নাম: ফটোকপিয়ার টেকনিশিয়ান।

পদসংখ্যা: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

পদের নাম: মেল নার্স।

পদসংখ্যা: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: তিন থেকে চার বছরের নার্সিংয়ে ডিপ্লোমাসহ এসএসসি পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

পদের নাম: কেয়ারটেকার।

পদসংখ্যা: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস।

বেতন: ৯,৩০০-২২,৪৯০ টাকা।

আবেদনের পদ্ধতি

আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা বিশ্ববিদ্যালয়েরওয়েবসাইটথেকে নমুনা ফরম সংগ্রহ করে তা পূরণের পর প্রয়োজনীয় কাগজপত্রসহ ছয় কপি দরখাস্ত সরাসরি বা ডাকযোগে পাঠাতে হবে।

আবেদনপত্র পাঠানোর ঠিকানা: রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

আবেদনের শেষ সময়: ১৬ জানুয়ারি ২০২৫।

সূত্র: যুগান্তর

বুয়েটে নবমসহ বিভিন্ন গ্রেডে চাকরির সুযোগ, আবেদন করুন আজই

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ১১টি বিভাগে শিক্ষক নেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

১. পুরকৌশল বিভাগ

সহকারী অধ্যাপকের ৪টি পদ (৩টি স্থায়ী ও সহযোগী অধ্যাপকের বিপরীতে ১টি অস্থায়ী পদ)

বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

২. তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ

সহকারী অধ্যাপকের ৬টি স্থায়ী পদ।

বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৩. কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

সহকারী অধ্যাপকের ২টি স্থায়ী পদ।

বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৪. যন্ত্রকৌশল বিভাগ

সহকারী অধ্যাপকের ১টি স্থায়ী পদ।

বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৫. কেমিকৌশল বিভাগ

সহকারী অধ্যাপকের ৪টি স্থায়ী পদ।

বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৬. ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ

সহকারী অধ্যাপকের ১টি স্থায়ী পদ।

বেতন স্কেল : ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৭. ন্যানোম্যাটেরিয়ালস অ্যান্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ

সহকারী অধ্যাপকের ১টি স্থায়ী পদ।

বেতন স্কেল : ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

৮. পদার্থবিজ্ঞান বিভাগ

ক) সহকারী অধ্যাপকের ১টি স্থায়ী পদ। বেতন স্কেল: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

খ) লেকচারারের ২টি অস্থায়ী পদ। বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ টাকা

৯. ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি

গবেষণা সহকারী অধ্যাপক (ইঞ্জিনিয়ারিং)-এর ১টি অস্থায়ী পদ (গবেষণা অধ্যাপক পদের বিপরীতে)

বেতন স্কেল : ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

১০. ইনস্টিটিউট অব নিউক্লিয়ার পাওয়ার ইঞ্জিনিয়ারিং

সহকারী অধ্যাপকের ১টি অস্থায়ী পদ (অধ্যাপক পদের বিপরীতে)

বেতন স্কেল : ৩৫,৫০০-৬৭,০১০ টাকা

১১. মানবিক বিভাগ

লেকচারার (ইংরেজি)-এর ১টি অস্থায়ী পদ

বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৬০ টাকা

আবেদন যেভাবে

আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে সব অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ করে ১৭ সেট আবেদনপত্র রেজিস্ট্রার বরাবর জমা দিতে হবে। এর মধ্যে এক সেটের সঙ্গে ৩ কপি সত্যায়িত ছবি এবং প্রতি সেটের সঙ্গে আবেদনপত্র, সব সনদ, প্রশংসাপত্র, নম্বরপত্র, অভিজ্ঞতার সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ভুল ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত জানা যাবে এই লিংকে।

আবেদন ফি

কম্পট্রোলার বুয়েটের অনুকূলে আবেদন ফি বাবদ ৬০০ টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিসের নির্ধারিত জমা রসিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা করে টাকার রসিদ সংযুক্ত করতে হবে।

আবেদনের শেষ সময়

২৬ জানুয়ারি, ২০২৫

সূত্র: যুগান্তর

৯ ব্যাংকে বড় নিয়োগ, পদ ১,৫৫৪

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৯টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানে সমন্বিতভাবে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। এসব প্রতিষ্ঠানে সিনিয়র অফিসার (সাধারণ) পদে মোট ১ হাজার ৫৫৪ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

বাংলাদেশ ব্যাংকের চাকরিসংক্রান্ত ওয়েবসাইটে দেওয়া এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১ হাজার ৫৫৪টি সিনিয়র অফিসারের (সাধারণ) পদের মধ্যে সোনালী ব্যাংক পিএলসিতে ৪২২, অগ্রণী ব্যাংক পিএলসিতে ৪০০, বাংলাদেশ কৃষি ব্যাংকে ২৪২, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ১৯০, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকে ১৮৯, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসিতে ২৬, কর্মসংস্থান ব্যাংকে ২৪, বেসিক ব্যাংক পিএলসিতে ২০, প্রবাসী কল্যাণ ব্যাংকে ৭, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশে ১৯ ও বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স করপোরেশনে ১৫ জনকে নিয়োগ দেওয়া হবে।

এই পদের জব আইডি নম্বর ১০২২০। আবেদনের জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। এসএসসি/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষায় ন্যূনতম দুটিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে। কোনো পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। প্রার্থীর বয়সসীমা ১৮ নভেম্বর ২০২৪ তারিখে সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।

আগ্রহী প্রার্থীদের বাংলাদেশ ব্যাংকের চাকরিসংক্রান্ত ওয়েবসাইটের

এই লিংকে নির্ধারিত ছক পূরণের মাধ্যমে নিবন্ধন করে আবেদন করতে হবে। নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য এই লিংকে জানা যাবে।

অনলাইনে আবেদন করার পর আবেদন ফি বাবদ ডাচ্–বাংলা ব্যাংক পিএলসির মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস ‘রকেট’–এর মাধ্যমে বিল পে ব্যবহার করে ২০০ টাকা পেমেন্ট করতে হবে। এ ক্ষেত্রে রকেট অ্যাপ বা ম্যানুয়াল উভয় ক্ষেত্রেই ফি প্রদানের জন্য বিলার আইডি হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। আবেদন ফির পেমেন্ট পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য এই লিংকে জানা যাবে।

আবেদনের শেষ সময়: ৩০ জানুয়ারি ২০২৫।

সূত্র: যুগান্তর

সৈনিক পদে নিয়োগ দেবে বাংলাদেশ সেনাবাহিনী

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বাংলাদেশ সেনাবাহিনী। ২০২৫ সালে মিনিস্ট্রি অব ডিফেন্স কনস্ট্যাবিউলারি (এমওডিসি) সেন্টার অ্যান্ড রেকর্ডস, রাজেন্দ্রপুর সেনানিবাসে সৈনিক পদে (শুধু মাত্র পুরুষ প্রার্থী) ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। আগামী ২৫ নভেম্বর আবেদন শুরু হবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন আগামী ২০ ডিসেম্বর পর্যন্ত।

প্রতিষ্ঠানের নাম : বাংলাদেশ সেনাবাহিনী

পদের নাম : এমওডিসি সৈনিক

পদসংখ্যা : জেলা ভিত্তিক

সৈনিক পদে নিয়োগ দেবে বাংলাদেশ সেনাবাহিনী
এসএসসি পাসে মীনা বাজারে চাকরি
বয়সসীমা : আগ্রহী প্রার্থীদের বয়স ১৬ মার্চ ২০২৫ তারিখে ১৭ বছরের

কম এবং ২৫ বছরের বেশি হবে না (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

বেতন ও ভাতা: প্রশিক্ষণকালীন মাসিক বেতন টাকা ৮,৮০০/- এবং প্রশিক্ষণ শেষে যৌথ বাহিনী নির্দেশাবলী জেএসআই অনুযায়ী বেতন ও ভাতা প্রাপ্য হবে।

আবেদন শুরুর তারিখ : ২৫ নভেম্বর ২০২৪

প্রার্থীর ধরন : শুধু মাত্র পুরুষ প্রার্থী

শিক্ষাগত যোগ্যতা ১.সাধারণ ট্রেড (GD)। এসএসসি / সমমান পরীক্ষায় নূন্যতম জিপিএ-২.০০ পেয়ে উত্তীর্ণ। ২. করণিক ট্রেড (CLK)। এসএসসি / সমমান পরীক্ষায় নূন্যতম জিপিএ-৩.০০ পেয়ে উত্তীর্ণ। ৩. আর্মোরার ট্রেড (ARMR)। এসএসসি/সমমান পরীক্ষায় নূন্যতম জিপিএ-৩.০০ পেয়ে উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ)।

উচ্চতা : ১.৬৮ মিটার (৫ ফুট ৬ ইঞ্চি) বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায় ব্যতীত। বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের জন্য ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)। ওজন: ৪৯.৯০ কেজি (১১০ পাউন্ড)।

বুকের মাপ : স্বাভাবিক ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি), স্ফীত ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)।

চোখ: ৬/৬ এবং স্বাভাবিক দৃষ্টিসম্পন্ন (বর্ণান্ধ গ্রহণযোগ্য নয়)।

স্বাস্থ্য পরীক্ষা : স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য

সাঁতার: অত্যাবশ্যক (নূন্যতম ৫০ মিটার)। বৈবাহিক অবস্থা: অবিবাহিত (বিপত্নীক/ বিবাহ বিচ্ছেদকারী/তালাকপ্রাপ্ত নয়)। আবেদনের শেষ সময়: ২০ ডিসেম্বর ২০২৪